

তারিখ: ০১.০৮.২০২৩

## প্রেস রিলিজ

### পাবিপ্রবিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অবহিতকরণ সভা অনুষ্ঠিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে গতকাল সোমবার ৩১ জুলাই সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরণ একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন। সভাপতিত্ব করেন সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটির আহবায়ক ও সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ নাজমুল ইসলাম। সভায় উপস্থিত ছিলেন রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম। প্রক্টর ড. মো. কামাল হোসেন, ছাত্র উপদেষ্টা দপ্তরের পরিচালক ড. মো. নাজমুল হোসেন।



সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত আছেন পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন।

ছবি ইমরান আহমেদ

সভায় উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন বলেন, সবার সম্মিলিত অংশগ্রহণে যেকোনো কাজকে সহজে এগিয়ে নিয়ে যাওয়া যায় সহজে। সঠিক সময়ের মধ্যে নির্দিষ্ট কাজ করা এবং কাজের মধ্যে স্বচ্ছতা আনতে হবে। ভালোকিছু করার জন্য আলোচনা করতে হবে। সবচেয়ে ভালোটাই করা এবং অন্যদের কাছে আমাদের মডেল হতে হবে। সেই সাথে আমাদের চিন্তা-চেতনাকে ভালো কাজে ব্যবহার করতে হবে।



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ স্টেকহোল্ডার হিসেবে অংশগ্রহণ করেন। সভায় আরও বক্তব্য দেন ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর পরিচালক অধ্যাপক ড. মীর খালেদ ইকবাল চৌধুরী। সম্বলনা করেন সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটির সদস্য সচিব উপরেজিস্ট্রার আব্দুল মজিদ।

দুপুর আড়াইটায় সভাটি শুরু হয়ে বিকাল ৪টায় শেষ হয়। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার ভবনের ভার্চুয়াল শ্রেণিকক্ষে সভা অনুষ্ঠিত হয়।

(মো.বাবুল হোসেন)

জনসংযোগ কর্মকর্তা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

০১৯১৩৩৭৬৯২৫